# গ্লোফেন

**ক্লোরামফেনিকল ০.৫%**
**জীবাণুমুক্ত চোখের ড্রপস্**

**উপস্থাপন**
***গ্লোফেন** ০.৫% জীবাণুমুক্ত চোখের ড্রপস্ঃ* প্রতি মিলিতে রয়েছে ক্লোরামফেনিকল বিপি ৫ মিগ্রা।

**বিবরণ**
ক্লোরামফেনিকল একটি ব্রড স্পেক্ট্রাম ব্যাকটেরিওস্টেটিক অ্যান্টিবায়োটিক যা রাইবোজোমের আরএনএ থেকে এ্যাক্টিভেটেড অ্যামাইনো এসিড ট্রান্সফারে বাধা প্রদান করার মাধ্যমে ব্যাকটেরিয়ার প্রোটিন সংশ্লেষন বন্ধ করে।

**নির্দেশনা**
ক্লোরামফেনিকল এর প্রতি সংবেদনশীল জীবাণু দ্বারা সৃষ্ট কনজাংকটিভা এবং কর্ণিয়ার সংক্রমণে **গ্লোফেন** নির্দেশিত। এটি *স্ট্রেপ্টোকক্কাস্ অরিয়াস্, স্ট্রেপ্টোকক্কাস নিউমোনি, ই. কোলাই, এইচ. ইনফ্লুয়েঞ্জি, ক্লেবসিয়েলা / এন্টারোব্যাকটার* প্রজাতি, *মোরাক্সেলা লেকুন্যাটা* এবং *নিসেরিয়া* প্রজাতি ব্যাকটেরিয়ার বিরুদ্ধে কার্যকর।

**মাত্রা ও প্রয়োগবিধি**
*প্রাপ্তবয়স্ক ও শিশু :* কনজাংকটিভাল সেক-এ প্রথম ৭২ ঘন্টায় ১ - ২ ফোঁটা করে দৈনিক ৪ - ৬ বার এবং পরবর্তীতে প্রতি ৪ ঘন্টা অন্তর প্রয়োগ করতে হবে। প্রায় ৭ দিন যাবৎ চিকিৎসা চালিয়ে যেতে হবে, কিন্তু চিকিৎসকের পরামর্শ ব্যতীত ৩ সপ্তাহের বেশি ব্যবহার করা উচিত নয়।

**প্রতিনির্দেশনা**
যে সকল রোগীর ক্লোরামফেনিকল অথবা এর কোনো উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা আছে তাদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত।

**পার্শ্বপ্রতিক্রিয়া**
স্বল্পমেয়াদী ব্যবহারে তেমন কোন পার্শ্বপ্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না। অধিকাংশ ক্ষেত্রে পার্শ্বপ্রতিক্রিয়া যেমন জ্বালাপোড়া, চোখে যন্ত্রণা, কনজাংকটিভাল হাইপারেমিয়া, ব্লাড ডিসক্রেসিয়া, এলার্জিক অথবা প্রদাহজনিত প্রতিক্রিয়া, ভেসিকুলার এবং ম্যাকুলোপ্যাপিলার ডার্মাটাইটিস পরিলক্ষিত।

**ওষুধের আন্তঃক্রিয়া**
ক্লোরামফেনিকল এবং কাইমোট্রিপসিন একই সাথে প্রয়োগ করা হলে কাইমোট্রিপসিন এর কার্যকারীতা ব্যাহত হতে পারে।

**সতর্কতা**
অতি সামান্য সংক্রমণে অথবা প্রতিষেধক হিসেবে ক্লোরামফেনিকল অপথ্যালমিক সল্যুশন ব্যবহার করা উচিত নয়। বারংবার এবং দীর্ঘমেয়াদী ব্যবহার পরিত্যাগ করা উচিত। দীর্ঘমেয়াদী ব্যবহারের ফলে ব্লাড ডিসক্রেসিয়া (গ্র্যানুলোসাইটোপেনিয়া, থ্রম্বোসাইটোপেনিয়া এবং রক্তশূন্যতা) হতে পারে।

**গর্ভাবস্থায় ও দুগ্ধদানকালে**
গর্ভাবস্থায় এবং দুগ্ধদানকালে নিরাপদ ব্যবহার প্রতিষ্ঠিত নয়। তাই চিকিৎসকের পরামর্শ অনুযায়ী একমাত্র প্রয়োজন হলেই ব্যবহার করা উচিত।

**মাত্রাধিক্য**
স্বল্পমাত্রার অ্যান্টিবায়োটিক বিধায় দূর্ঘটনাবশত খেয়ে ফেললে কোনরূপ বিষক্রিয়া ঘটে না।

**সংরক্ষণ**
আলো থেকে দূরে, ঠান্ডা (২° - ৮° সে. এর মধ্যে) ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন। ড্রপার টিপ স্পর্শ করা যাবে না এতে সল্যুশনটি নষ্ট হতে পারে। ওষুধটি মুখ খোলার পর ৩০ দিন পর্যন্ত ওষুধটি ব্যবহার করা যাবে।

**বানিজ্যিক মোড়ক**
***গ্লোফেন** ০.৫% জীবাণুমুক্ত চোখের ড্রপস্ঃ* প্রতিটি প্লাস্টিক ড্রপার বোতলে রয়েছে ১০ মিলি জীবাণুমুক্ত চোখের ড্রপস্।


প্রস্তুতকারকঃ
**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
**বাংলাদেশ।**


# Glophen

**Chloramphenicol 0.5%**
**Sterile eye drops**

**Presentation**
***Glophen** 0.5% Sterile Eye Drops:* Each ml contains Chloramphenicol BP 5 mg.

**Description**
Chloramphenicol is a broad spectrum bacteriostatic antibiotic which acts through the inhibition of bacterial protein synthesis by interfering with the transfer of activated amino acids from soluble RNA to ribosomes.

**Indication**
**Glophen** is indicated for the treatment of ocular infections involving the conjunctiva and/or cornea caused by chloramphenicol-susceptible organisms. Such as *Staphylococcus aureus, Streptococcus pneumoniae*, *E.coli*, *H. influenzae*, *Klebsiella /Enterobacter* spp, *Moraxella lacunata,* and *Neisseria* species.

**Dosage & Administration**
*Adult and Children :* Instill 1 or 2 drops in the conjunctival sac 4-6 times per day for the first 72 hours and then every 4 hours thereafter. Treatment should be continued for approximately 7 days, but should not be continued for more than 3 weeks without re-evaluation by the physician.

**Contraindication**
It is contraindicated in individuals with a history of hypersensitivity to Chloramphenicol or any ingredients of the preparation.

**Side Effect**
Systemic adverse reaction has not been observed within short term topical use of Chloramphenicol. The most frequently reported adverse reactions have been burning, stinging, conjunctival hyperemia, blood dyscrasia, allergic or inflammatory reactions, vesicular and maculopapular dermatitis.

**Drug Interaction**
Chymotrypsin may be inhibited if given simultaneously with Chloramphenicol.

**Precaution**
Chloramphenicol ophthalmic solution should never be given for minor infections or for prophylaxis. Repeated course and prolonged treatment should be avoided. Blood dyscrasias (granulocytopenia, thrombocytopenia and moderate anaemia) may occur after prolonged ophthalmic use.

**Use in Pregnancy & Lactation**
Safety for use in pregnancy and lactation has not been established. Therefore, use only when considered essential by the physicians.

**Overdose**
Accidental ingestion of the medicine is unlikely to cause any toxicity due to low content of antibiotic.

**Storage**
Store in a cool (between 2° C - 8° C) and dry place, protect from light. keep out of reach of children. Do not touch the dropper tip to surface since this may contaminate the solution. Do not use after 30 days of first opening.

**Commercial Pack**
***Glophen** 0.5% Sterile Eye Drops:* Each plastic dropper bottle contains 10 ml of sterile eye drops.


Manufactured by:
**GLOBE PHARMACEUTICALS LTD.**
**BANGLADESH**